

**মেধাক্রম ৩০০০ পর্যন্ত ভর্তিচ্ছুদের জন্য
প্রবেশপত্র জমা দান করে ভর্তির আগ্রহ প্রকাশের জন্য বিজ্ঞপ্তি**

বিজ্ঞান, জীব ও ভূ-বিজ্ঞান, কৃষি ও প্রকৌশল অনুষদ-এর ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বি.এস-সি./বি.ফার্ম.(সম্মান)/বি.এস-সি.এ-জি./ডি.ভি.এম./বি.এস-সি. ইঞ্জিনিয়ারিং ভর্তি পরীক্ষায় সি-ইউনিটে বর্তমানে ৬২টি আসন শূন্য আছে। এর বিবরণ নিম্নে প্রদান করা হল:

বিভাগ	সি-১	সি-২
ভূগোল ও পরিবেশবিদ্যা	১০	২
ভূ-তত্ত্ব ও খনিবিদ্যা	৪	৩
গণিত	৩	৫
পরিসংখ্যান	৩	১
মনোবিজ্ঞান	৭	৭
পপুলেশন সায়েন্স ও হিউম্যান রিসোর্স ডিভেলপমেন্ট	৭	১০
মোট	৩৪	২৮

এ আসনগুলো পূরণ করার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ভর্তি প্রক্রিয়া পুনরায় সচল করার সিদ্ধান্ত নিয়েছে। এ ভর্তি প্রক্রিয়া ৪-৬ ফেব্রুয়ারি ২০২০ এর মধ্যে সম্পন্ন হবে।

সি-১ ও সি-২ গ্রুপে মেধাক্রম ৩০০০ পর্যন্ত ভর্তিচ্ছুদের মধ্যে যারা এ বিভাগগুলোতে ভর্তি হতে আগ্রহী তাদেরকে আগামী ২৮ জানুয়ারি ২০২০ (৩০ জানুয়ারি ২০২০ বিশ্ববিদ্যালয় বন্ধ) থেকে ০৩ ফেব্রুয়ারি ২০২০ দুপুর ১টার মধ্যে প্রকৌশল অনুষদ কার্যালয়ে ভর্তিচ্ছুর সি-ইউনিটের প্রবেশপত্রের একটি কপি জমা দিতে হবে। যারা প্রবেশপত্রের কপি জমা দিবেন কেবলমাত্র তাদের মধ্য থেকেই মেধাক্রমে নিম্নের সম্ভাব্য সময়সূচী অনুযায়ী মেধা ও পছন্দক্রম অনুসারে ভর্তির জন্য নির্বাচন করা হবে। নির্বাচিত ভর্তিচ্ছু নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে না পারলে সি-ইউনিটে তার প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং সি-ইউনিটের অন্য কোন বিভাগেও তার ভর্তির সুযোগ থাকবে না।

তালিকা	প্রকাশের সম্ভাব্য তারিখ	ভর্তির সম্ভাব্য তারিখ
১২শ নির্বাচন তালিকা	৩ ফেব্রুয়ারি ২০২০ অপরাহ্ন	৪ ফেব্রুয়ারি ২০২০
১৩শ নির্বাচন তালিকা	৪ ফেব্রুয়ারি ২০২০ অপরাহ্ন	৫ ফেব্রুয়ারি ২০২০
১৪শ নির্বাচন তালিকা	৫ ফেব্রুয়ারি ২০২০ অপরাহ্ন	৬ ফেব্রুয়ারি ২০২০

ভর্তি সংক্রান্ত কোন সমস্যার জন্য অফিস চলাকালীন সময়ে (সকাল ৯টা - বিকাল ৫টা) ইউনিট কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে (ফোন: ০৭২১-৭১১২৫৫, ০১৯১৪-৩২৭১৪২)। অনলাইন ভর্তিফর্ম পূরণ সংক্রান্ত কারিগরী সমস্যার জন্য হেল্পলাইন ০১৭০৩-৮৯৯৯৭৩।
উল্লেখ্য যে, ভর্তি প্রক্রিয়ায় কোন ভুলত্রুটি গোচরীভূত হলে তা সংশোধন করার ক্ষমতা ইউনিট কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

২৮ জানুয়ারি, ২০২০

প্রফেসর ড. মো. একরামুল হামিদ

চীফ কো-অর্ডিনেটর

১ম বর্ষ ২০১৯-২০২০ শিক্ষাবর্ষ সি-ইউনিট ভর্তি পরীক্ষা কমিটি
ও ডীন, প্রকৌশল অনুষদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়